গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
এবং
সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র

**উপক্রমণিকা**.............................................................................................৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র.............................................................................................. ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.............. ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ............ ৭-১০

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................................ ১২

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি.......................১৩

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা........১৪

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে,

মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের.......... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

৩

## বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ইনস্টিটিউট হতে জাতীয় চাহিদার নিরীখে বিগত তিন বছরে মৎস্যসম্পদ উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনার মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বছরে ৩টি, ২০১৬-১৭ অর্থবছরে ৩টি এবং ২০১৭-১৮ অর্থ বছরে ২টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য প্রযুক্তিসমূহ হচ্ছে বিলুপ্তপ্রায় টেংরা মাছের পোনা উৎপাদন, উপকূলীয় পারশে মাছের পোনা উৎপাদন, কৈ মাছের সাথে শিং ও তেলাপিয়ার মিশ্রচাষ, খাঁচায় মাগুর মাছের চাষ, গলদা চিংড়ির আগাম ব্রুড উৎপাদন এবং উপকূলীয় অঞ্চলে সী-উইড চাষ এবং কৈ মাছের ভ্যাকসিন তৈরী ইত্যাদি। এসব প্রযুক্তি উদ্ভাবনের ফলে বিলুপ্তপ্রায় মাছের পোনা প্রাপ্তি সহজলভ্য হয়েছে এবং উপকূলীয় মৎস্যচাষ সম্প্রসারনের সুযোগ সৃষ্টি হয়েছে। তাছাড়া, সার্বিকভাবে দেশে মাছের উৎপাদন বৃদ্ধিতে এসব প্রযুক্তি উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

জলবায়ুর প্রভাব, গুণগতমানসম্পন্ন স্বল্পমূল্যের মৎস্য খাদ্য উপাদানের অভাব, রোগের প্রাদুর্ভাব, দক্ষ জনবলের অভাব ইত্যাদি প্রযুক্তি উদ্ভাবনে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- খরা প্রবণ এলাকার জন্য উপযোগী মৎস্য চাষ প্রযুক্তি উদ্ভাবন
- বিলুপ্তপ্রায় মাছের জীনপুল সংরক্ষণ
- বঙ্গোপসাগরে মেরিকালচার এর লাগসই প্রযুক্তি উদ্ভাবন
- মাছের জাত উন্নয়ন
- অপ্রচলিত মৎস্য সম্পদের (কাঁকড়া, কুচিয়া, সীউইড, শামুক, ঝিনুক ইত্যাদি) প্রজনন/চাষাবাদ কৌশল উদ্ভাবন
- মৎস্যজাত পণ্য উদ্ভাবন

**২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন:**

- মৎস্যসম্পদ উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর
- মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি
- চাষী/উদ্যোক্তা, সম্প্রসারণ কর্মী এবং কর্মকর্তাদের মৎস্য চাষ বিষয়ক কারিগরি প্রশিক্ষণ প্রদান।
- মৎস্য চাষী/উদ্যোক্তাদের পরামর্শ সেবা প্রদান।

সেকশন ১:

## ইনস্টিটিউটের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

দেশের মৎস্যসম্পদ উন্নয়নে জাতীয় চাহিদার নিরিখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

গবেষণালব্ধ প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি ও আমিষ চাহিদা পূরণে সহায়তাকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives)

#### ১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মৎস্য সম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা পরিচালনা

২. উন্নত মৎস্যচাষ ও মৎস্য ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর

৩. প্রযুক্তিভিত্তিক কারিগরি প্রশিক্ষণ প্রদান।

৪. পরামর্শ সেবা প্রদান।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডের স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মিঠা পানি, লোনাপানি ও সামুদ্রিক মৎস্যসম্পদের উন্নয়ন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মৌলিক ও প্রায়োগিক গবেষণা পরিচালনা ও সমন্বয় সাধন।

২. প্রামীণ দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে স্বল্প ব্যয় ও স্বল্প শ্রমনির্ভর পরিবেশ উপযোগী উন্নত মৎস্য চাষ ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা পরিচালনা।

৩. মৎস্য বাণিজ্যিকীকরণ সহায়ক বহুমুখী মৎস্যজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান নিয়ন্ত্রণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন বিষয়ক গবেষণা পরিচালনা।

৪. গবেষণাভিত্তিক প্রযুক্তি হস্তান্তর ও কারিগরি প্রশিক্ষণ প্রদান ও গবেষণা ক্ষেত্রে মানবসম্পদ উন্নয়ন।

৬. মৎস্যসম্পদ উন্নয়ন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে নীতি প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ | ৯ | ১০ |
| প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর | প্রযুক্তি উদ্ভাবন | সংখ্যা | ২ | ০ | ২ | ২ | ২ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন |
| | প্রযুক্তি হস্তান্তর | সংখ্যা | ২ | ১ | ২ | ২ | ২ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন |
| প্রশিক্ষিত জনবল | খামারী/উদ্যোক্তা/কর্মকর্তাদের প্রশিক্ষণ | সংখ্যা | ৬৯২ | ৪৩৫ | ৬৭৫ | ৭০০ | ৭২৫ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন |

*সাময়িক তথ্য